

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭১৪

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দান

বিভিন্ন সংগঠন আজ মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে মোট ২৫,০১৫ টাকা দান করেছে। এরমধ্যে অল ত্রিপুরা হেলথ এমপ্লয়ীজ স্টেট কমিটির পক্ষ থেকে ১০ হাজার টাকা, অল ত্রিপুরা ওপটোমেট্রি অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ১২ হাজার টাকা এবং ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের পক্ষ থেকে ৩০১৫ টাকা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দান করা হয়েছে। আজ সকালে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ পৃথকভাবে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা হাতে চেক তুলে দেন। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রত্যেককেই ধন্যবাদ জানিয়েছেন।
